যাত্রীবাহী বিমান গুলি করে নামাতে বলেছিলেন পুতিন

মস্কো, ১২ মার্চ ঃ ৪ বছর আগে সোচিতে শীতকালীন অলিম্পিকের সময় একটি যাত্রীবাহী বিমানকে গুলি করে নামানোর নির্দেশ দিয়েছিলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সম্প্রতি একটি ফিল্‌মে পুতিন নিজেই সেকথা জানিয়েছেন। সেখানে তিনি বলেছেন, অলিম্পিকের আগে তাঁকে বলা হয়েছিল ইউক্রেন থেকে তুরস্কগামী একটি বিমানকে হাইজ্যাক করা হয়েছে। বিমানটিতে ১১০ জন যাত্রী ছিলেন। পুতিনকে জানানো হয়েছিল, সেই বিমানের একজন যাত্রীর কাছে একটি বোমা রয়েছে এবং সে বিমানটিকে সোচির দিকে নিয়ে যেতে বলছে। আশঙ্কা ছিল, বিমানটি অলিম্পিকের উদ্‌বোধনী অনুষ্ঠানে হামলা চালাতে পারে। কিন্তু পরে দেখা যায় সেটি একটি ভুয়ো খবর। ফলে বিমানটিকে গুলি করে নামাতে হয়নি। ২ ঘণ্টা দীর্ঘ এই ফিল্‌মটি অনলাইনে পোস্ট করা হয়েছে। সেখানে পুতিন বলেছেন তিনি কিছু দোষ মাফ করে দিতে পারেন, কিন্তু সবকিছু নয়। যেমন তিনি কখনই বিশ্বাসঘাতকতা মাফ করতে পারেন না।

ট্রাম্প–কিম বৈঠকে সায় সিআইএ প্রধানের

ওয়াশিংটন, ১২ মার্চ ঃ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উত্তর কোরিয়ার শীর্ষ নেতা কিম জং উনের আমন্ত্রণ গ্রহণ করায় বিস্মিত নন সিআই–এর ডিরেক্টর মাইক পম্পিও। তিনি বরং ট্রাম্পের ওই সিদ্ধান্ত সমর্থন করেছেন। পম্পিও বলেছেন, ‘মার্কিন প্রেসিডেন্ট সেখানে নাটক করতে যাচ্ছেন না। তিনি যাচ্ছেন একটি গুরুতর সমস্যার সমাধান করতে।’ ট্রাম্প বলেছেন, ওই বৈঠক সফল হলে তা থেকে অপ্রত্যাশিত ফল পাওয়া যেতে পারে। কিন্তু ট্রাম্পের সমালোচকরা মনে করেন, বৈঠক সফল না হলে দু–দেশের সম্পর্ক আরও খারাপ হবে। এখনও পর্যন্ত কোনো মার্কিন প্রেসিডেন্ট উত্তর কোরিয়ার কোনো নেতার সঙ্গে বৈঠক করেননি। পম্পিও মনে করেন, উত্তর কোরিয়া আলোচনায় রাজি হচ্ছে, কারণ নিষেধাজ্ঞা আরোপের ফলে সেদেশের অর্থনীতি কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছে।

মিরপুরের বস্তিতে আগুন লেগে ৪ হাজার ঘর পুড়ল

ঢাকা, ১২ মার্চ ঃ সোমবার ভোরে মিরপুরের একটি বস্তিতে আগুন লেগে ৪ হাজারের বেশি ঘর পুড়ে গিয়েছে। বস্তিটিতে প্রায় ৮ হাজার ঘর ছিল। দমকল জানিয়েছে, তারমধ্যে অন্তত ৫০ থেকে ৫৫ শতাংশ ঘর পুড়ে গিয়েছে। দমকলের ২১টি ইউনিট দীর্ঘক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। বস্তিতে ঢোকার রাস্তা সংকীর্ণ হওয়ায় দমকলের গাড়ি ঢুকতে অসুবিধা হয়। ওই বস্তিতে প্রায় ২৫ হাজার মানুষের বসবাস। এঁদের মধ্যে বেশিরভাগ শ্রমিক, যাঁদের একটি বড়ো অংশ কাজ করেন বিভিন্ন পোশাক কারখানায়। বস্তির অনেক ঘরে কাপড় মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। স্থানীয় সাংসদ জানিয়েছেন, যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে।

জলবায়ু পরিবর্তন : ৩২৪ কোটি টাকা পাচ্ছে বাংলাদেশ

ঢাকা, ১২ মার্চ ঃ জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় একটি আন্তর্জাতিক তহবিল থেকে প্রায় ৩২৪ কোটি টাকা অনুদান পাচ্ছে বাংলাদেশ। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) গঠন করা হয়েছিল। এ ব্যাপারে জার্মানির সরকারি ব্যাংক কেএফডব্লিউ–র সঙ্গে বাংলাদেশ সরকারের একটি চুক্তি হয়েছে। রাষ্ট্রসংঘের আওতায় ২০১০ সালে জিসিএফ তৈরি হয়। এই তহবিলের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় উন্নয়নশীল দেশগুলোর উদ্যোগে আর্থিক সাহায্য দেওয়া হয়। তহবিল গঠনের সময় উন্নত দেশগুলো বিভিন্ন ধরনের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু তারা সেই প্রতিশ্রুতি সময়মতো পূরণ না করায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বারবার অসন্তোষ প্রকাশ করেন। কারণ জলবায়ু পরিবর্তনের যেসব দেশ সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হয় তারমধ্যে অন্যতম বাংলাদেশ।

সিরিয়ায় ‘সরকারি বোমায়’ আহতকে উদ্ধার করা হচ্ছে। – পিটিআই

ধনী-দরিদ্রের ফারাক বাড়ছে বাংলাদেশে

ঢাকা, ১২ মার্চ ঃ বাংলাদেশে ধনী ও দরিদ্রের বৈষম্য বেড়ে চলেছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা গওহর রিজভি। একইসঙ্গে তিনি বলেছেন, যেসব দেশ দুর্নীতিপ্রবণ তারা দারিদ্র্য মোকাবিলায় সফল হতে পারে না। তাঁর বক্তব্য, বাংলাদেশ দারিদ্র্য দূর করতে অনেক চেষ্টা করছে। কিন্তু এখনও দারিদ্র্য নির্মূল করতে পারেনি। রিজভি মনে করেন, সুশাসন নিশ্চিত করতে না পারলে দারিদ্র্য মোকাবিলায় সাফল্য পাওয়া যায় না। ওই একই অনুষ্ঠানে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)–এর চেয়ারম্যান রেহমান সোবহান বলেন, বাংলাদেশ ক্রমশ উন্নয়নশীল দেশের স্তরে পৌঁছে যাচ্ছে। কিন্তু এর ফলে অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে। কারণ ২০২৪ সালের পর থেকে বাংলাদেশ আর সস্তায় ঋণ পাবে না। ফলে বেশি সুদে ঋণ নিতে হলে অর্থনীতিতে নতুন কৌশল নিতে হবে।

সিঙ্গাপুর–বাংলাদেশ মউ স্বাক্ষর

সিঙ্গাপুর, ১২ মার্চ ঃ বিমান চলাচল এবং পাবলিক–প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)–এর ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে দুটি সমঝোতাপত্রে সই করেছে সিঙ্গাপুর। সোমবার দুপুরে সিঙ্গাপুরে প্রেসিডেন্ট ভবনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লোংয়ের উপস্থিতিতে সমঝোতাপত্রে সই করা হয়। সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে ৪ দিনের সফরে সেদেশে গিয়েছেন শেখ হাসিনা। এদিন তিনি সেখানে সিঙ্গাপুরের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন। মঙ্গলবার সকালে শেখ হাসিনা সিঙ্গাপুর বোটানিক্যাল গার্ডেনে যাবেন। তাঁর সম্মানে সেখানে একটি অর্কিডের নামকরণ করা হবে।



নেপালের ত্রিভুবন বিমানবন্দরে ভেঙে পড়া বাংলাদেশি বিমানের ধ্বংসাবশেষ। – এএফপি

প্রশ্নে ত্রিভুবন

দুর্ঘটনার জন্য কুখ্যাতি রয়েছে নেপালের ত্রিভুবন বিমানবন্দরের। এর আগেও বহু বিমান আচমকাই দুর্ঘটনায় পড়েছে এই এলাকায়। শহর থেকে ৬ কিলোমিটার দূরে কাঠমান্ডু উপত্যকায় তৈরি এই বিমানবন্দরের নিরাপত্তা নিয়ে তাই প্রশ্নের শেষ নেই। সূত্রের খবর, এ পর্যন্ত ৭০–এরও বেশি দুর্ঘটনা ঘটেছে। এইসব দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৬৫০ জনের। বিমানের পাশাপাশি দুর্ঘটনায় পড়েছে একাধিক কপ্টারও।

প্রাকৃতিক দুর্যোগ, বিমানের যান্ত্রিক গোলযোগ ছাড়াও বিমানবন্দরের পরিকাঠামোর অভাব, সিগন্যালিং ব্যবস্থার ত্রুটি ইত্যাদিও দুর্ঘটনার জন্য দায়ী বলে মনে করেন বিশেষজ্ঞরা।

- প্রথম দুর্ঘটনা ঘটে ১৯৭২ সালের মে মাসে। থাই এয়ারওয়েজের একটি বিমান অবতরণ করার সময় রানওয়ে থেকে ছিটকে পড়ে। ওই ঘটনায় একজনের মৃত্যু হয়।
- ১৯৯২ সালে থাই এয়ারওয়েজের একটি এয়ারবাস পাহাড়ে ধাক্কা দিলে মৃত্যু হয় ১১৩ জন যাত্রীর। ওই বছরই সেপ্টেম্বরে পিআইএ–র একটি বিমান বিধ্বস্ত হয়। প্রাণ যায় ১৬৭ জনের।
- ১৯৯৫–এ রয়্যাল নেপাল এয়ারলাইন্সের একটি বিমান বেষ্টনী ভেঙে মাঠের ভিতর ঢুকে পড়লে দুজন নিহত হয়।
- ১৯৯৯–এ লুফথানসার একটি বিমান ওড়ার পাঁচ মিনিটের মধ্যে ভেঙে পড়লে মৃত্যু হয় ৫ বিমানকর্মীর। ওই বছরের সেপ্টেম্বরে নেকন এয়ারের একটি বিমান একটি টাওয়ারে ধাক্কা দিয়ে বিধ্বস্ত হয়। মৃত্যু হয় ১৫ জনের।
- ২০১১–য় বুদ্ধ এয়ারের একটি বিমান অবতরণের সময় দুর্ঘটনায় পড়ে। ওই ঘটনায় ১৯ জনের মৃত্যু হয়। খারাপ আবহাওয়ার জন্য দুর্ঘটনা ঘটেছিল।
- ২০১২–য় সিতা এয়ারের একটি বিমান আকাশে ওড়ার পর শকুনের সঙ্গে ধাক্কা লেগে বিধ্বস্ত হয়। ওই ঘটনাতেও মৃত্যু হয় ১৯ জনের।
- ২০১৫–য় তুর্কি এয়ারলাইন্সের একটি বিমান ঘন কুয়াশার মধ্যে অবতরণ করতে গিয়ে বিপদে পড়ে। প্রায় ৩০ মিনিট আকাশে ওড়ার পর নামার চেষ্টা করলে বিমানটি রানওয়ে থেকে ছিটকে মাঠের মধ্যে চলে যায়। তবে সে যাত্রায় পাইলটের কুশলতায় প্রাণরক্ষা হয় ২২৭ জন যাত্রীর।
- ২০১৭–র মে মাসে সামিট এয়ারলাইন্সের একটি বিমান দুর্ঘটনার কবলে পড়েছিল। আর সর্বশেষ দুর্ঘটনার শিকার হল ইউএস–বাংলা এয়ারলাইন্সের বিমানটি।

অস্ট্রেলিয়ার সাংসদদের সমকামী বিয়ে

মেলবোর্ন, ১২ মার্চ ঃ অস্ট্রেলিয়ার পার্লামেন্টে যখন সমকামী বিয়ে নিয়ে আলোচনা হচ্ছিল তখনই সাংসদ টিম উইলসন আর এক সাংসদ রায়ান বলজারকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন। তিনমাস পর রবিবার অস্ট্রেলিয়ার এই দুই পুরুষ সাংসদ বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছেন। গত বছর ডিসেম্বর মাসে অস্ট্রেলিয়ার সাংসদরা পার্লামেন্টে সমকামী বিয়ের পক্ষে মত দেন। সেই মাসের গোড়াতে তিনি পার্লামেন্টের প্রতিনিধি সভাতেই বিয়ের প্রস্তাব দিয়েছিলেন। রবিবার মেলবোর্নের রয়েল বোটানিক গার্ডেনসে দুই সাংসদের বিয়ের অনুষ্ঠান হয়।

হাইপারসোনিক ক্ষেপণাস্ত্র

মস্কো, ১২ মার্চ ঃ শব্দের চেয়ে দশগুণ গতিতে যায় এমন একটি ক্ষেপণাস্ত্র পরীক্ষা করেছে রাশিয়া। প্রতিরক্ষামন্ত্রক জানিয়েছে, দক্ষিণ–পশ্চিম রাশিয়ার একটি বিমানঘাঁটি থেকে ওই ক্ষেপণাস্ত্রটি ছোড়া হয়। রুশ প্রতিরক্ষামন্ত্রক ক্ষেপণাস্ত্রটি ছোড়ার একটি ভিডিয়ো প্রকাশ করেছে। তাতে দেখা যাচ্ছে যে একটি মিগ–৩২ বিমান থেকে ক্ষেপণাস্ত্রটি ছোড়া হচ্ছে। প্রতিরক্ষামন্ত্রকের দাবি, ক্ষেপণাস্ত্রটি নির্দিষ্ট লক্ষ্যে আঘাত হেনেছে। সম্প্রতি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এই ধরনের একটি ক্ষেপণাস্ত্র তৈরির কথা ঘোষণা করেছিলেন। তখন তিনি জানিয়েছিলেন, বিশ্বের কোনো প্রতিরক্ষা ব্যবস্থাই এই ক্ষেপণাস্ত্রের মোকাবিলা করতে পারবে না।

গির্জায় বাজ পড়ে ১৬ জনের মৃত্যু

রোয়ান্ডা, ১২ মার্চ ঃ রোয়ান্ডার দক্ষিণের পাহাড়ি এলাকার একটি গির্জায় বাজ পড়ে অন্তত ১৬ জনের মৃত্যু হয়েছে। ওই ঘটনায় অনেকে আহত হয়েছেন। তাঁদের মধ্যে ১৪০ জনকে স্থানীয় হাসপাতালে ভরতি করা হয়েছে। ১৬ জনের মধ্যে বেশিরভাগেরই মৃত্যু হয়েছে ঘটনাস্থলে। কয়েকদিন আগে ওই এলাকায় বাজ পড়ে বেশ কয়েকজনের মৃত্যু হয়েছিল।

দাবানলের গ্রাসে তামিলনাড়ুর কুরানগনি পাহাড়, মৃত ৯

চেন্নাই, ১২ মার্চ ঃ তামিলনাড়ুর কুরানগনি পাহাড়ে দাবানলের জেরে অন্তত ৯ জনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে ৪ জন মহিলা। বায়ুসেনার ৪টি চপার উদ্ধারকাজ চালাচ্ছে। ১৬ জন গরুড় কমান্ডোকেও ঘটনাস্থলে পাঠানো হয়েছে। সোমবার সন্ধ্যা পর্যন্ত ২৭ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে। তাঁদের মধ্যে ১৭ জন আহত। আহতদের কুরানগনি স্বাস্থ্যকেন্দ্র ও বোডি হাসপাতালে ভরতি করা হয়েছিল। তবে ৫ জনের অবস্থার অবনতি হওয়ায় থেনি মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়েছে। তাঁদের চিকিৎসার জন্য চেন্নাই থেকে বিশেষজ্ঞ চিকিৎসক ও প্লাস্টিক সার্জনদের একটি দলকে থেনিতে নিয়ে আসা হচ্ছে। উদ্ধারকাজ তদারকি করছেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী পালানিস্বামী ও উপমুখ্যমন্ত্রী পনিরসেলভাম।

উদ্ধারকাজে বায়ুসেনা

দাবানলের মাঝে একসঙ্গে এতজনের আটকে পড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে তামিলনাড়ু প্রশাসনে। রাজ্য বন দপ্তর জানিয়েছে, গরমকালে জঙ্গলের শুকনো পাতায় আগুন লাগার ঘটনা নতুন নয়। গত কয়েকবছরে কুরানগনিতে একাধিকবার আগুন লেগেছে। প্রতিবারই সেই আগুন দ্রুত নিভিয়ে ফেলা হয়। এবারও আগুন লাগার খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যায় দমকল। হতাহতদের প্রত্যেকেই ট্রেকিং দলের সদস্য। তবে দলটির ওই এলাকায় যাওয়ার তথ্য তাঁদের কাছে ছিল কিনা, সেবিষয়ে মন্তব্য করতে রাজি হননি বনকর্তারা। রবিবার আগুন লাগার সময় যে ট্রেকাররা সেখানে আটকে পড়েন তাঁদের অধিকাংশই মহিলা। চেন্নাই ও ত্রিপুরা থেকে আসা দুটি দলের ৩৬ জন সদস্য একসঙ্গে ট্রেকিং করছিলেন। চেন্নাই থেকে আসা ২৪ জন ট্রেকারের মধ্যে ২৩ জন মহিলা। ত্রিপুরার ১২ জনের মধ্যে ৩ জন মহিলা ও ৩টি শিশু ছিল। ট্রেকিং সেরে ফেরার পথে সবাই দাবানলে আটকে পড়েন। প্রাণ বাঁচাতে তাঁরা একটি শুকিয়ে যাওয়া নদীখাতে আশ্রয় নেওয়ার চেষ্টা করেন। কিন্তু সেখানে প্রচুর শুকনো পাতা পড়েছিল। কিছুক্ষণের মধ্যে সেখানেও আগুন ছড়িয়ে পড়ে। আগুনের জেরে ৯ জনের মৃত্যু হয়। বাকিদের বায়ুসেনার চপার নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে গিয়েছে। বন দপ্তরের এক আধিকারিক জানান, প্রাণ বাঁচাতে ট্রেকাররা বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েন। তাঁদের সবাইকে উদ্ধার করা গিয়েছে। এখনও জঙ্গলের মধ্যে কেউ আটকে রয়েছেন কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। রবিবার আগুন লাগার খবর পাওয়ার পরেই কেন্দ্রের সাহায্য চান তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী পালানিস্বামী। প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারমণ টুইটে জানান, বায়ুসেনাকে উদ্ধারকাজে নামানো হয়েছে। রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করছে কেন্দ্র। থেনির জেলাশাসক এম পল্লভি বলদেব জানিয়েছেন, সোমবারও কুরানগনিতে আগুন জ্বলছে। স্থানীয় বাসিন্দাদের সাহায্যে আগুন নেভানোর চেষ্টা করছে দমকল, পুলিশ ও বন দপ্তর। পরিস্থিতি নিয়ন্ত্রণে আসতে সময় লাগবে বলে জানিয়েছেন তিনি।

তুরস্কের বিমান ভেঙে হত ১১

তেহরান, ১২ মার্চ ঃ ১১ জন যাত্রী নিয়ে তুরস্কের একটি ব্যক্তিগত বিমান ইরানের দক্ষিণ–পশ্চিমাঞ্চলে ভেঙে পড়েছে। সংযুক্ত আরব আমিরশাহি থেকে তুরস্কে যাওয়ার পথে বিমানটি ভেঙে পড়ে। ইরানের সংবাদমাধ্যম জানিয়েছে, বিমানটি চাহারমল এবং শাহার–ই–কোর্দ শহরের কাছে ভেঙে পড়েছে বলে সরকারি সূত্রে খবর। তুরস্কের রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, বিমানটি পাহাড়ি এলাকায় ভেঙে পড়লে আগুন ধরে যায়। বিমানে ১১ জন মহিলা যাত্রী ছিলেন। তাঁদের সকলেরই মৃত্যু হয়েছে।

২৭৫৪ কোটি দেবে ইউনিসেফ

ঢাকা, ১২ মার্চ ঃ বাংলাদেশে শিশুর বিকাশ ও উন্নয়নের ৪ বছর মেয়াদি একটি কর্মসূচি রূপায়ণ করতে ৩৪ কোটি ডলার অনুদান দিচ্ছে ইউনিসেফ। বাংলাদেশি মুদ্রায় এই অর্থের পরিমাণ প্রায় ২৭৫৪ কোটি টাকা। এ ব্যাপারে বাংলাদেশ সরকারের ইউনিসেফের একটি চুক্তি হয়েছে। এই অর্থ দিয়ে কিশোর–কিশোরীদের শিক্ষার সুযোগ বাড়ানো, শিশুদের স্বাস্থ্য, বাল্যবিবাহ রোধ, শিশুদের অধিকারের পক্ষে সচেতনতা বৃদ্ধি এবং সামাজিক সুরক্ষা প্রকল্প নেওয়া হবে। দেশের ১৫টি মন্ত্রক, সিটি কর্পোরেশন ও বিভিন্ন নাগরিক সংগঠন এই কর্মসূচি রূপায়ণে শামিল হবে।

স্কুলের অনুষ্ঠানে নাচ নিষিদ্ধ

পঞ্জাব, ১২ মার্চ ঃ স্কুলের কোনো অনুষ্ঠানে আর নাচ করা যাবে না। পাকিস্তানের পঞ্জাব প্রদেশের স্কুলগুলিতে এমনই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। স্থানীয় এক সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, সরকারি, বেসরকারি সহ পঞ্জাব প্রদেশের সমস্ত স্কুলে নৃত্যানুষ্ঠানের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে সেখানকার সরকার। এই বিষয়ে সরকারের তরফে একটি নির্দেশিকাও জারি করা হয়েছে। সেই নির্দেশিকায় বলা হয়েছে, যদি কোনো স্কুলের অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের নাচ বা অন্য কোনো ‘অনৈতিক কাজকর্মে’ যুক্ত করা হয়, তাহলে সেই স্কুলকে ‘ধর্মবিরোধী’ বলে গণ্য করা হবে এবং স্কুলের লাইসেন্স কেড়ে নেওয়া হবে। এছাড়া স্কুল কর্তৃপক্ষ এবং শিক্ষক–শিক্ষিকা সহ যাঁরা সরকারের এই নির্দেশিকা অমান্য করবেন, তাঁদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। সমস্ত স্কুল সরকারের এই বিশেষ নির্দেশিকা মানছে কিনা তা দেখার জন্য জেলা শিক্ষা আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে। সাধারণত আন্তঃস্কুল প্রতিযোগিতা, শিক্ষক দিবস সহ স্কুলে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা নাচ করে।

আজ যোধপুরে হিলারি ক্লিনটন

ইন্দোর, ১২ মার্চ ঃ মধ্যপ্রদেশের কিছু অংশ সফর করছেন আমেরিকার প্রাক্তন ফার্স্ট লেডি হিলারি রোডহ্যাম ক্লিনটন। রবিবার রাতে ইন্দোরে পৌঁছোয় প্রাক্তন বিদেশসচিবের বিশেষ বিমান। মধ্যপ্রদেশের কিছু ঐতিহাসিক স্থান পরিদর্শন করছেন ক্লিনটন–জায়া। মঙ্গলবার যাবেন রাজস্থানের যোধপুরে। তিনদিনের সফরে ভারতে এসেছেন হিলারি।

অভিযোগ মানবাধিকার সংগঠনের

রোহিঙ্গাদের জমি দখল করছে মায়ানমার সেনা

ইয়াঙ্গন ও ঢাকা, ১২ মার্চ ঃ রোহিঙ্গাদের ফেলে আসা গ্রামের দখল নিচ্ছে মায়ানমার সেনা। সেনাবাহিনী রোহিঙ্গাদের বাড়িঘর ভেঙে সেখানে ঘাঁটি তৈরি করছে। উপগ্রহ চিত্র বিশ্লেষণ করে এমনই দাবি মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইনটারন্যাশনালের। মানবাধিকার সংস্থাটি জানিয়েছে, গত জানুয়ারি মাস থেকেই একাধিক রোহিঙ্গা–গ্রামের দখল নিয়েছে সেনাবাহিনী। বুলডোজার দিয়ে বাড়িগুলি গুঁড়িয়ে দেওয়া হয়েছে। বহু বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়েছিল।

অ্যামনেস্টির এক মুখপাত্র জানান, রোহিঙ্গাদের জমি কেড়ে নেওয়ার চেষ্টা করছে মায়ানমার সেনা। একটি উপগ্রহ চিত্রে দেখা যাচ্ছে, আগে যেখানে গ্রাম ছিল সেখানে সীমান্ত চেকপোস্ট তৈরি করেছে সেনাবাহিনী। অ্যামনেস্টির অভিযোগ নিয়ে মায়ানমার সরকারের তরফে কোনো বিবৃতি জারি করা হয়নি। গতবছর আগস্ট মাসে মায়ানমারে সেনা–জঙ্গি সংঘর্ষের পর প্রায় ৭ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। এখনও কয়েক হাজার রোহিঙ্গা দু–দেশের ‘নো–ম্যানস ল্যান্ড’–এ অপেক্ষা করছেন। রোহিঙ্গাদের দেশে ফেরাতে মায়ানমারের সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ। সম্প্রতি রোহিঙ্গাদের নামের একটি তালিকা মায়ানমার প্রশাসনের হাতে তুলে দিয়েছিল বাংলাদেশ সরকার।

পর্যবেক্ষকদের একাংশের মতে, অ্যামনেস্টির অভিযোগ সত্যি হলে রোহিঙ্গাদের মায়ানমারে ফেরত পাঠানোর ক্ষেত্রে জটিলতা তৈরি হতে পারে। বাংলাদেশের সঙ্গে চুক্তি অনুসারে রোহিঙ্গারা মায়ানমারের বাসিন্দা প্রমাণিত হলেই তাঁদের দেশে ফিরিয়ে নেবে মায়ানমার। সেদেশে রোহিঙ্গাদের নাগরিকত্ব নেই। এই পরিস্থিতিতে ফেলে আসা গ্রামের চিহ্ন মুছে গেলে রোহিঙ্গারা যে মায়ানমারের বাসিন্দা তা প্রমাণ করাই কঠিন হয়ে পড়বে। দেশে ফিরে জমি–বাড়ি হারানো রোহিঙ্গারা কোথায় আশ্রয় পাবেন তা নিয়েও ধোঁয়াশা দেখা দিয়েছে। অ্যামনেস্টির এক প্রতিনিধির মতে, এই ধরনের ঘটনা বাংলাদেশে আশ্রয় নেওয়া শরণার্থীদের মধ্যে ভীতির পরিবেশ তৈরি করবে। বহু রোহিঙ্গাই মায়ানমারে ফেরত যেতে চাইছেন না। রাখাইনে তাঁদের নিরাপত্তা নিশ্চিত না হলে অনিচ্ছুকদের সংখ্যা আরও বাড়বে।

কূটনীতিক–হেনস্তা, অভিযোগ দিল্লি–ইসলামাবাদের

নয়াদিল্লি ও ইসলামাবাদ, ১২ মার্চ ঃ ভারত–পাক দ্বিপাক্ষিক সম্পর্ক বহুদিন থেকে তলানিতে। কাশ্মীরের নিয়ন্ত্রণরেখায় পাকিস্তানের ধারাবাহিক সংঘর্ষবিরতি লঙ্ঘন, অনুপ্রবেশে মদত দেওয়া এবং মৃত্যুদণ্ডপ্রাপ্ত ভারতীয় বন্দি কুলভূষণ যাদবের প্রতি পাক সরকারের অন্যায় আচরণের বিরুদ্ধে দিল্লি সরব হলেও দুই প্রতিবেশী রাষ্ট্রের মধ্যে আলোচনার পরিবেশ ফিরিয়ে আনতে তলে তলে তৎপরতাও চলেছে। ট্র্যাক–টু কীটনীতিরই ফল ব্যাংকক বৈঠক। তারই ফলে উভয় দেশের জেলে বন্দি মহিলা, বয়স্ক ও মানসিকভাবে অসুস্থদের মুক্তি দিয়ে স্বদেশে পাঠানোর বিষয়ে ঐকমত্যে পৌঁছোয় দিল্লি ও ইসলামাবাদ। সম্পর্ক স্বাভাবিক করতে এই বিষয়টি আশার আলো দেখালেও নতুন করে বাধা তৈরি করেছে কূটনীতিক–হেনস্তার অভিযোগ। দিল্লি ও ইসলামাবাদ উভয়েই পরস্পরের দিকে অভিযোগের আঙুল তুলেছে। ভারতের অভিযোগ, পাকিস্তানে ভারতীয় কূটনীতিকদের যত্রতত্র হেনস্তা করা হচ্ছে। একই অভিযোগ ইসলামাবাদেরও। দিল্লির অভিযোগ, ইসলামাবাদের ব্যস্ত রাস্তায় ভারতীয় হাইকমিশনারের গাড়ি জোর করে থামানো হচ্ছে। সম্প্রতি ভারতীয় হাইকমিশনারের গাড়ি আটকে দেওয়ায় নির্ধারিত অনুষ্ঠানে তিনি যেতে পারেননি। ভারতীয় দূতাবাস সংলগ্ন অঞ্চলে আবাসন প্রকল্পেও বাগড়া দিচ্ছে পাক প্রশাসন। হুমকি দেওয়া হচ্ছে ঠিকাদার সংস্থাকে। পাক গোয়েন্দারা ভারতীয় কূটনীতিকের বাসভবনে ঢুকে ভাঙচুর করেছে। ল্যাপটপ তুলে নিয়ে গিয়েছে। পাক বিদেশমন্ত্রককে এবিষয়ে অভিযোগ জানিয়েও ফল মেলেনি। ইসলামাবাদের একটি ক্লাবে সমস্ত দেশের কূটনীতিকরা সদস্য হতে পারেন কিন্তু ভারতীয় কূটনীতিকদের সদস্যপদ দেওয়া হচ্ছে না। ইসলামাবাদের অভিযোগ, পাক কূটনীতিকরা ভারতে অস্বস্তির মধ্যে রয়েছেন। তাঁরা পরিবার নিয়ে ভারতে থাকতে ভরসা পাচ্ছেন না বলে জানিয়েছে নয়াদিল্লির পাক হাইকমিশন। ডেপুটি হাইকমিশনারের ছেলেমেয়েরা স্কুলে যাওয়ার সময় বারবার তাদের গাড়ি থামানো হচ্ছে। গত তিনদিনে ছ’বার এমন ঘটনা ঘটেছে। পাক কূটনীতিকরা যেখানে যাচ্ছেন নজরদারি চালানো হচ্ছে তাঁদের পিছনে। কূটনীতিক–হেনস্তা নিয়ে চলতি সপ্তাহেই বিদেশমন্ত্রকের সঙ্গে বৈঠক চেয়েছে পাক হাইকমিশন।

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ ব্যবসায় নতুন পরিকল্পনা গ্রহণ। অফিসে সহকর্মীদের সহায়তা লাভ। রাজনীতির ব্যক্তি হলে নতুন দায়িত্বপ্রাপ্তি। **বৃষ ঃ** বিদ্যার্থীরা উচ্চশিক্ষার সুযোগ পাবেন। গবেষকগণের বিদেশ গমনের ইচ্ছাপূরণ ঘটতে পারে। উদরপীড়ায় দুর্ভোগ। সন্তানের সাফল্যে তৃপ্তি। **মিথুন ঃ** চোখের সমস্যা বাড়তে পারে। বিদেশে বাসরত স্বজন বাড়ি ফিরতে পারে। জমি ও বাড়ি ক্রয়ের প্রস্তাব পাবেন। **কর্কট ঃ** কর্মক্ষেত্রে কারও দ্বারা প্রতারিত হতে পারেন। বাবা ও মায়ের সঙ্গে ভ্রমণের যোগ। গৃহসংস্কারে বাধা। প্রেমের প্রস্তাব পাবেন। **সিংহ ঃ** দূরের কোনো বন্ধুর কাছ থেকে উপহার আসতে পারে। বিপন্নের পাশে দাঁড়াতে পেরে আনন্দলাভ। **কন্যা ঃ** ব্যবসার ক্ষেত্রটি আজ হঠাৎ সমস্যার হয়ে উঠতে পারে। গুরুত্বপূর্ণ কাগজপত্র একবার দেখে নিন। পথে বিতর্কে জড়িয়ে সমস্যায়। প্রেমে আনন্দ। **তুলা ঃ** মাথা ঠান্ডা রাখার চেষ্টা করুন। আজ সংসার নিয়ে উৎকণ্ঠায় থাকতে হতে পারে। বেকাররা কাজের সুযোগ পাবেন। সংগীতশিল্পীরা পাবেন নতুন সুযোগ। **বৃশ্চিক ঃ** পরিবারের সঙ্গে ভ্রমণে বের হয়ে আনন্দ। দীর্ঘদিন পূর্বের কোনো কাজের জন্য আজ অনুশোচনা। কর্মক্ষেত্রে পদোন্নতির খবর মিলতে পারে। **ধনু ঃ** ব্যবসায় বাড়তি আয়ের সম্ভাবনা। পাওনা আদায় হবে। কন্যার বিবাহ স্থির হতে পারে। প্রেমের সঙ্গীকে নিয়ে অহেতুক দুশ্চিন্তা। **মকর ঃ** দাম্পত্যের সমস্যা কাটবে কোনো বয়স্ক স্বজনের হস্তক্ষেপে। গৃহসংস্কার যোগ রয়েছে। ভ্রাতৃবিরোধের অবসান। **কুম্ভ ঃ** ব্যবসায় বাড়তি বিনিয়োগ করা যেতে পারে। ঝুঁকি তেমন নেই। স্ত্রীর পরামর্শে জটিল সমস্যা থেকে উদ্ধার। ঘাড় ও পিঠের ব্যথায় দুর্ভোগ। **মীন ঃ** ব্যবসা বাড়বে। অতি আকাঙ্ক্ষা ত্যাগ করুন। দাম্পত্যে আনন্দ থাকবে। কর্মক্ষেত্রে কর্তাব্যক্তির প্রশংসাপ্রাপ্তি।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ মঙ্গলবার ইং ১৩ মার্চ, ২৮ ফাল্গুন, অ ২৮ ফাগুন, মুং ২৪ জমাঃসানি, ফঃ ১১ চৈত্র (চৈৎ) সম্বৎ ১১ চৈত্র বদি। কুম্ভ দং ৩।৩৯।২১ থেকে উদয় সিংহ ৫।১২।৪৫ বিঃ গতে অস্ত। সূর্যোদয় ঘ ৫।৫২।৪৪ সূর্যাস্ত ঘ ৫।৪০।০। একাদশী ঘ ১।২৩।৫৫। উত্তরাষাঢ়ানক্ষত্র রত্রিশেষ ঘ ৪।৫১।৪৪। বজ্রযোগ ঘ ৭।৩০।৫৫। ববকরণ ঘ ৩।১৪।৪৭ থেকে বালবকরণ রাত্রি ঘ ২।৪৮।২৬ থেকে কৌলবরণ। পূর্বদিনের রাশির ও ঘ ১২।৪৩।৪৬ থেকে বৃষ কন্যা ও মকর রাশির চন্দ্রশুদ্ধ এবং মেষরাশির ঘাতচন্দ্র। পূর্বদিনের নক্ষত্রের ও রাত্রি ঘ ১২।১৫।১৬ থেকে২।৪।৬।৭।৯।১১।১৩।১৫।১৬।১৮।২০।২২।২৪।২৫।২৭ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে–মকররাশি বিপ্রবর্ণ রাক্ষসগণ অষ্টোত্তরী মঙ্গলের ও বিংশোত্তরী কেতুর দশা, ঘ ১২।৪৩।৪৬ থেকে মেষরাশি ক্ষত্রিয়বর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ বিংশোত্তরী কেতুর দশা। মৃতে পাদদোষ। দক্ষিণে যোগিনী, রাত্রি ঘ ২।৪৮।২৬ থেকে পশ্চিমে। বারবেলা–ঘ ৭।৩৫।৫০ থেকে ৯।০।৪০ সেঃ মধ্যে। কালবেলা ঘ ১।১৫।৫০ থেকে ২।৪০।০ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ ৭।৪।৫০ থেকে ৮।৪০।০ সেঃ মধ্যে। রাত্রি ঘ ২।৪৮।২৬ সেঃ মধ্যে বেল পরে নিম অভক্ষ্য। রাত্রি ঘ ২।৪৮।২৬ থেকে চন্দ্রদগ্ধা। যাত্রা শুভ নক্ষত্রামৃতযোগ উত্তরে নাস্তি, ঘ ১২।৪৩।৪৬ থেকে দক্ষিণেও নাস্তি, রাত্রি ঘ ১১।১২।১৬ থেকে পূর্বেও নাস্তি, রাত্রি ঘ ২।৪৮।২৬ থেকে যাত্রা নাস্তি চন্দ্রদগ্ধাদোষ। শুভকর্ম–সীমন্তোন্নয়ন, ঘ ১২।৪৩।৪৬ থেকে আরোগ্যস্নান। বিবিধ–দ্বাদশীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ–দিবা ঘ ৮।২২।৫৪ সেঃ মধ্যে ও ঘ ১২।৫৮।১৩ থেকে ২।৩০।২০ সেঃ মধ্যে ও ঘ ৩।১৬।১৩ থেকে ৪।৬৯।৫৯ সেঃ মধ্যে এবং রাত্রি ঘ ৬।২৩।৪০ সেঃ মধ্যে ও ঘ ৮।৫৪।০ থেকে ১১।২৪।২০ সেঃ মধ্যে ও ঘ ১।৫৪।৪০ থেকে৩।৩৪।৫৪ সেঃ মধ্যে। একাদশীর উপবাস।